



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

সরকারি আজিজুল হক কলেজ, বগুড়া



কলেজ কোড: জা.বি.-২৭০১, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী-৪৪২৫, EIIN-119246, বাউবি-৮৬১

www.ahcollege.gov.bd, E-mail: ahcollege@gmail.com

ফোন: অধ্যক্ষ অফিস-০২৫৮৯০১৯৫৩, উপাধ্যক্ষ অফিস-০৫১৬১৭৯২ ও উচ্চমাধ্যমিক ভবন অফিস-০২৫৮৯০২০৭৯


তারিখ : ০৮ আষাঢ় ১৪৩০
২২ জুন ২০২৩

বিষয়: ২০২০-২০২১ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশন সংক্রান্ত।

এতদ্বারা এই কলেজে ২০২০-২০২১ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে ভর্তিচ্ছু শিক্ষার্থীদেরকে জানানো যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েব সাইট (www.nu.ac.bd/admissions) থেকে যথাযথ নিয়মে আবেদন ফরম ডাউনলোড করে মোবাইল ব্যাংকিং “রকেট” এর বিলার ID:4043 কোডে ভর্তির আবেদন ফরমের প্রাপ্ত রোলার অনুকূলে ১,৭৫০/- (এক হাজার সাতশত পঞ্চাশ) টাকা মাত্র জমা দিতে হবে। অতঃপর নিজের মোবাইল নম্বরে প্রাপ্ত Transaction ID ও ফরমের উপরের ডান কর্ণারে ফরমে উল্লিখিত পিন নম্বর ও নিজের সক্রিয় মোবাইল নম্বর লিখে নিম্নে উল্লিখিত প্রয়োজনীয় কাগজপত্র সংযুক্ত করে স্ব স্ব বিভাগে ২৫/০৬/২০২৩ খ্রি. হতে ১৩/০৭/২০২৩ খ্রি. পর্যন্ত (সরকারি ছুটির দিন ব্যতীত) সকাল ১০:০০ টা থেকে দুপুর ০৩:০০ টা পর্যন্ত ফরম জমা দিতে হবে।

আবেদনের সাধারণ যোগ্যতা ও শর্তাবলী:

- জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৬ থেকে ২০২০ সাল পর্যন্ত তিন বছর মেয়াদী স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম সিজিপিএ ২.২৫ প্রাপ্ত শিক্ষার্থীরা প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে আবেদন করতে পারবে।
- আবেদনকারীকে স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট পরীক্ষায় পঠিত বিষয়সমূহ থেকে প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশন আবেদনের জন্য একটি বিষয় নির্ধারণ করতে হবে। স্নাতক (পাস) পর্যায়ে সনাতন পদ্ধতিতে উক্ত পঠিত বিষয়ে ৪০০ নম্বরের মধ্যে ন্যূনতম ৪০% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে পঠিত বিষয়ে ২৪ ক্রেডিটের মধ্যে ন্যূনতম জিপিএ ২.০ পেতে হবে।
- জাতীয় বিশ্ববিদ্যালয় অধীনে ২০১৬ থেকে ২০২০ সাল পর্যন্ত সার্টিফিকেট কোর্স পরীক্ষায় ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম জিপিএ ২.২৫ প্রাপ্ত শিক্ষার্থীরা প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে আবেদন করতে পারবে।
- জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৬ থেকে ২০২০ সাল পর্যন্ত চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় পাস ডিগ্রী প্রাপ্ত শিক্ষার্থীরা প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে আবেদন করতে পারবে না। তবে এ সকল শিক্ষার্থী সার্টিফিকেট কোর্স পরীক্ষায় অংশগ্রহণ করে থাকলে শর্তপূরণ সাপেক্ষে (অনুচ্ছেদ-১ এর গ এ বর্ণিত) প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে আবেদন করতে পারবে।
- প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশনের মেয়াদ হবে বিরতিহীনভাবে ৩ (তিন) শিক্ষাবর্ষ।
- আবেদনের যোগ্যতা থাকা সাপেক্ষে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর সংশ্লিষ্ট দপ্তর হতে অনুমতি গ্রহণ ও উত্তম আচরণের প্রত্যয়নপত্র দাখিল সাপেক্ষে কারাবন্দীগণও আবেদন করতে পারবে।
- বাংলাদেশ প্রতিরক্ষা বাহিনীর সদস্যগণ প্রয়োজনীয় যোগ্যতা থাকা সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে পারবে।


২২/০৬/২০২৩

প্রফেসর মোঃ শাহজাহান আলী (৪৯৯০)

অধ্যক্ষ

সরকারি আজিজুল হক কলেজ, বগুড়া

প্রফেসর মোঃ শাহজাহান আলী (৪৯৯০)

অধ্যক্ষ

সরকারি আজিজুল হক কলেজ, বগুড়া।

প্রাথমিক আবেদনের প্রয়োজনীয় কাগজপত্র:

- জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট হতে ডাউনলোডকৃত স্বাক্ষরসহ মূল ফরম ও ফটোকপি ০১ টি।
- স্নাতক (পাস)/সার্টিফিকেট কোর্স পরীক্ষার নম্বরপত্র ও রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি।
- দ্বৈত ভর্তি সম্পর্কিত প্রার্থীর অঙ্গীকারনামার।
- প্রার্থীর সদ্যতোলা পাসপোর্ট সাইজের ১ কপি রঙিন ছবি।
- প্রতিরক্ষা বাহিনীতে কর্মরত প্রার্থীগণকে ‘শিক্ষা ছুটি দেয়া হবে’ মর্মে বিভাগীয় প্রধানের প্রত্যয়নপত্র।
- শিক্ষার্থীর নিজের ও পিতা-মাতা/অভিভাবকের (পিতার অবর্তমানে) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি ১ টি করে।
- মোবাইল ব্যাংকিং রকেট এর ৪০৪৩ আইডিতে ১৭৫০/- টাকা পরিশোধের স্লিপ ১টি।